গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৬.২২/ ২২২৮ (৭১)

তারিখ: ১১/০১/১৪২৯ বঙ্গাব্দ
২৫/০৪/২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়: ৩৩তম অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৭-০৫-২০২২ খ্রি. থেকে ৩০-০৫-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০২(দুই) সপ্তাহব্যাপী জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ ৩৩তম অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। এ কোর্সটি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের জন্য নির্ধারিত। উক্ত কোর্সে তাঁর আওতাধীন বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠান হতে ০৪(চার) জন কর্মকর্তাকে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো। নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. অফিসের ক্ষেত্রে প্রথম শ্রেণির কর্মকর্তা এবং কলেজের ক্ষেত্রে প্রভাষক (স্থায়ীকরণকৃত) এবং সহকারী অধ্যাপক মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো।
২. যাঁদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে তাঁদের এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৩. যে সকল কর্মকর্তা বিগত ০১(এক) বছরের মধ্যে নায়েম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন তাঁদের মনোনয়ন দেয়া যাবে না।
৪. মনোনীত কর্মকর্তাগণ কোর্স শুরুর অন্তত ০৩ (তিন) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd -এর প্রশিক্ষণ-সংক্রান্ত মেন্যুর>অন-লাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন।
৫. প্রশিক্ষণার্থীগণের থাকা-খাওয়া, শিক্ষা সফর এবং আনুষঙ্গিক খরচ বাবদ আনুমানিক ১০,০০০/- (দশ হাজার টাকা) সঙ্গে আনতে হবে।
৬. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর প্রশিক্ষণে অংশগ্রহণকারীর ভ্রমণ ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার বিল নায়েম-এ পেশ করতে হবে। **উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।**
৭. প্রশিক্ষণার্থীকে রেজিস্ট্রেশনের জন্য পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি, অফিস ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং প্রতিষ্ঠানের EIIN নম্বর সঙ্গে আনতে হবে।
৮. প্রশিক্ষণার্থীগণের জন্য নির্ধারিত ফি প্রদানপূর্বক আসন শূন্য থাকা সাপেক্ষে নায়েম-হোস্টেলে অবস্থানের ব্যবস্থা আছে।
৯. **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।**
১০. প্রশিক্ষণ সংক্রান্ত কোনো বিষয় জানার প্রয়োজন হলে কোর্স পরিচালক ড. মো. আরিজুল ইসলাম খান, উপ-পরিচালক (সেল নং-০১৫৫২৪১০৫৪৭) এবং কোর্স সমন্বয়ক জনাব সায়মা রহমান, সহকারী পরিচালক (সেল নং- ০১৭১৬৬২৫৩৮৬)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
১১. মনোনীত কর্মকর্তাগণকে অনলাইন পূরণকৃত রেজিস্ট্রেশন ফর্ম, সম্মতিপত্র, এমপিও শিট, জাতীয় পরিচয়পত্রের কপি, পাসপোর্ট সাইজের ১ কপি ছবি, কোভিড-ভ্যাকসিন সম্পন্ন সনদ এবং ১০ টাকা মূল্যমানের ০১ (এক) টি রেভিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।

২৫/৪/22

**(প্রফেসর ড. তাহসিনা আক্তার)**
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম

**প্রাপক: পরিচালক**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ......................অঞ্চল**

নং: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১৬.১৫/ ২২২৮/৭ (৭১)

তারিখ: ১১/০১/১৪২৯ বঙ্গাব্দ
২৫/০৪/২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
৩. পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৪. পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা;
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
৬. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নায়েম, ঢাকা;
৭. প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণপত্র ও মনোনীত প্রতিষ্ঠান/ প্রশিক্ষণার্থীর তালিকা নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
৯. অফিস নথি।

২৫/৪/22

(ড. মো. আরিজুল ইসলাম খান)
কোর্স পরিচালক
ও
উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), নায়েম

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
জাতীয়শিক্ষাব্যবস্থাপনাএকাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষাবিভাগ
শিক্ষামন্ত্রণালয়
নায়েমরোড, ধানমন্ডি, ঢাকা - ১২০৫
www.naem.gov.bd

# ব্যাংক হিসাবের তথ্যফরম

**(ছকটি ইংরেজিতে পূরণ করতে হবে)**

কোর্সেরনাম :
মেয়াদ:

| আইডিনম্বর | প্রশিক্ষণার্থীরনাম, পদবী, বিষয় ও প্রতিষ্ঠান | হিসাবেরনাম | ব্যাংকেরনাম ও শাখা | হিসাবনম্বর | রাউটিংনম্বর | প্রশিক্ষণভাতা (টাকায়) | মোবাইলনম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| 01 | | | | | | | |

Course Director/Coordinator

১। একাধিক ব্যাংকহিসাব থাকলে বেসরকারি ব্যাংক হিসাবেরতথ্য অগ্রাধিকারযোগ্য।
২। অনেক প্রশিক্ষণার্থী এখনও ৪ ডিজিটের হিসাবনম্বর ব্যবহার করে থাকতে পারেন। তাঁদেরকে সংশ্লিষ্ট ব্যাংক থেকে অন-লাইন হিসাবনম্বর জেনে তথ্যপ্রদানের অনুরোধ করা হলো।
৩। ব্যাংক হিসাবের তথ্যসমূহ ইংরেজিতে পূরণ করতে হবে।